

## 📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৬৫০

১২. কিতাবুস সিয়াম (كتاب الصوم)

পরিচ্ছেদঃ মাসের তিন দিন সিয়াম রাখার কারণে মহান আল্লাহ মাসের বাকী দিন সিয়াম রাখার সাওয়াব লিখে দেন

ذَكَرُ كِتَابَةِ اللَّهِ جَلَّ وَعَلَا لِلْمَرْءِ بِصَوْمِ ثَلَاثَةِ أَيَّامٍ مِنَ الشَّهْرِ أَجْرُ مَا بَقِيَ

আরবী

3650 - أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ إِسْحَاقَ بْنِ خُزَيْمَةَ حَدَّثَنَا عَبْدُ الْوَارِثِ بْنُ عَبْدِ الصَّمَدِ حَدَّثَنَا أَبِي حَدَّثَنَا شُعْبَةُ عَنْ زِيَادِ بْنِ قِيَاضٍ عَنْ أَبِي عِيَّاضٍ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَمْرٍو قَالَ: أَتَيْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَسَأَلْتُهُ عَنِ الصَّوْمِ فَقَالَ: (صُمْ يَوْمًا مِنْ كُلِّ شَهْرٍ وَلَكَ أَجْرُ مَا بَقِيَ) قُلْتُ: إِنِّي أُطِيقُ أَكْثَرَ مِنْ ذَلِكَ قَالَ: (صُمْ يَوْمَيْنِ مِنْ كُلِّ شَهْرٍ وَلَكَ أَجْرُ مَا بَقِيَ) قُلْتُ: إِنِّي أُطِيقُ أَكْثَرَ مِنْ ذَلِكَ قَالَ: (صُمْ ثَلَاثَةَ أَيَّامٍ مِنْ كُلِّ شَهْرٍ وَلَكَ أَجْرُ مَا بَقِيَ) قُلْتُ: إِنِّي أُطِيقُ أَكْثَرَ مِنْ ذَلِكَ؟ قَالَ: (إِنَّ أَحَبَّ الصِّيَامِ إِلَى اللَّهِ صَوْمُ دَاوُدَ) وَكَانَ يَصُومُ يَوْمًا وَيَفْطُرُ يَوْمًا.

الراوي : عَبْدُ اللَّهِ بْنُ عَمْرٍو | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر :

التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3650 | خلاصة حكم المحدث: صحيح - ((التعليق الرغيب)) (2/

88): م دون قوله: ((من كل شهر)) في الأوامر الثلاثة ، وهو أصح.

قَالَ أَبُو حَاتِمٍ: قَوْلُهُ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (صُمْ يَوْمًا مِنْ كُلِّ شَهْرٍ وَلَكَ أَجْرُ مَا بَقِيَ) يُرِيدُ أَجْرَ مَا بَقِيَ مِنَ الْعِشْرِينَ وَكَذَلِكَ فِي الثَّلَاثِ إِذْ مُحَالٌ أَنْ كَدَّه كُلَّمَا كَثُرَ كَانَ أَنْقَصَ لِأَجْرِهِ.

বাংলা

৩৬৫০. আব্দুল্লাহ বিন আমর রাহিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, “আমি আল্লাহর রাসূল সাল্লাল্লামু সালাইহি ওয়া সাল্লামের কাছে এসে সিয়াম সম্পর্কে জিজ্ঞেস করি। তখন তিনি বলেন, “তুমি প্রত্যেক মাসে একটি সিয়াম রাখো, তবে তুমি বাকী দিন সিয়াম রাখার সাওয়াব পাবে।” আমি বললাম, “আমি এর চেয়ে বেশি সিয়াম

রাখার সক্ষমতা রাখি।” তিনি বলেন, “তুমি প্রত্যেক মাসে দুই দিন সিয়াম রাখো, তবে তুমি বাকী দিন সিয়াম রাখার সাওয়াব পাবে।” আমি বললাম, “আমি এর চেয়ে বেশি সিয়াম রাখার সক্ষমতা রাখি।” তিনি বলেন, “তুমি প্রত্যেক মাসে তিন দিন সিয়াম রাখো, তবে তুমি বাকী দিন সিয়াম রাখার সাওয়াব পাবে।” আমি বললাম, “আমি এর চেয়ে বেশি সিয়াম রাখার সক্ষমতা রাখি।” তখন তিনি বলেন, “আল্লাহর কাছে সবচেয়ে প্রিয় সিয়াম হলো দাউদ আলাইহিস সালামের সিয়াম। আর তিনি একদিন সিয়াম রাখতেন, একদিন সিয়াম ছাড়তেন।”[1]

আবু হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের বক্তব্য ““তুমি প্রত্যেক মাসে একটি সিয়াম রাখো, তবে তুমি বাকী দিন সিয়াম রাখার সাওয়াব পাবে।” এর দ্বারা উদ্দেশ্য হলো অবশিষ্ট ২০ দিনের সাওয়াব পাবে। অনুরূপ কথা তৃতীয় সিয়ামের ক্ষেত্রেও প্রযোজ্য। কেননা এমনটা হওয়া অসম্ভব যে, পরিশ্রম যত বেশি হবে, সাওয়াব তত কমে যাবে।”

## ফুটনোট

[1] সহীহ ইবনু খুযাইমাহ: ২১০৬; সহীহ মুসলিম: ১১৫৯।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকুর রাগীব: ২/৮৮)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আমর ইবনুল আস (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=92986>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন